**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 09-12-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ নতুন দিল্লিতে ২০২৩ এবং ২০২৪ সালের জাতীয় হস্তশিল্প পুরষ্কার প্রদান করেছেন। পুরস্কার পেলেন রাজ্যের কারিগর রঞ্জিত দাস।**

**(২) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, রাজ্য সরকারের আন্তরিক প্রচেষ্টায় গ্রামীণ এলাকার জনগণ কেন্দ্রীয় প্রকল্পের সুযোগ সুবিধা যথাযথভাবে পাচ্ছেন।**

**(৩) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ সোনামুড়ায় ১৮টি প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।**

**(৪) ত্রিপুরা ও তামিলনাড়ুর মধ্যে কোচবিহার ট্রফি অনূর্ধ্ব ১৯ বছরের ক্রিকেটের চারদিনের খেলা ডিন্ডিগোলে শুরু হয়েছে।**

****************************************

**National Handicraft Award :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ নতুন দিল্লিতে ২০২৩ এবং ২০২৪ সালের জাতীয় হস্তশিল্প পুরষ্কার প্রদান করেছেন। এই উপলক্ষে আয়োজিত সমাবেশে রাষ্ট্রপতি বলেন, শিল্প মানুষকে বিভিন্ন সংস্কৃতির সঙ্গে এবং একে অপরের সঙ্গে সংযুক্ত করে। তিনি উল্লেখ করেন যে হস্তশিল্প কেবল একটি সাংস্কৃতিক পরিচয়ই নয় বরং মানুষের জীবিকার একটি গুরুত্বপূর্ণ উপাদান। তিনি উল্লেখ করেন যে এই ক্ষেত্র দেশের ৩২ লক্ষেরও বেশি লোকের কর্মসংস্থানের সুযোগ করে দেয় এবং এর মধ্যে বেশিরভাগই গ্রামীণ এলাকার মানুষ। রাষ্ট্রপতি উল্লেখ করেন যে হস্তশিল্প ক্ষেত্রে ৬৮ শতাংশ নারী কর্মী রয়েছেন

এবং এই ক্ষেত্রের উন্নয়ন নারীর ক্ষমতায়নও নিশ্চিত করবে। ২০ জন মহিলা কারিগর পুরস্কৃত হওয়ায় রাষ্ট্রপতি সন্তোষ প্রকাশ করেন।

######Byte-President#######

অনুষ্ঠানে কেন্দ্রীয় বস্ত্রমন্ত্রী গিরিরাজ সিং বলেন, সম্প্রতি জিএসটি হার ১৮ শতাংশ থেকে ৫ শতাংশে কমিয়ে আনার ফলে এই ক্ষেত্রটিও লাভবান হচ্ছে। তিনি বলেন যে, সরকার ২০৩১-৩২ সালের মধ্যে এই পণ্যগুলির রপ্তানিতে ১ লক্ষ কোটি টাকার লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে। উল্লেখ্য, ২০২৩ এবং ২০২৪ সালের জন্য মোট ১২ জন কারিগর শিল্প গুরু পুরষ্কার পেয়েছেন এবং ৩৬ জন কারিগর উভয় বছরের জন্য জাতীয় পুরষ্কার পেয়েছেন।

বাঁশ বেত শিল্পে দক্ষতার নিরিখে এবার রাজ্যের মুখ উজ্জ্বল করলেন সিপাহীজলা জেলার পূর্ব নলছড়ের বাসিন্দা রঞ্জিত দাস। আজ দিল্লির বিজ্ঞান ভবনে রাষ্ট্রপতি রঞ্জিত দাসের হাতে পুরস্কার তুলে দেন।

#######Byte#######

***************************

**Govornor-Gomoti :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, রাজ্য সরকারের আন্তরিক প্রচেষ্টায় গ্রামীণ এলাকার জনগণ কেন্দ্রীয় প্রকল্পের সুযোগ সুবিধা যথাযথভাবে পাচ্ছেন। গোমতী জেলার সীমান্তগ্রাম জলেয়ায় বি এস এফ ক্যাম্পে গ্রামবাসীদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি একথা বলেন। তিনি সীমান্ত গ্রামের জনগনের আর্থ-সামাজিক মানোন্নয়নে কেন্দ্রীয় সরকারের প্রকল্পগুলি বিস্তারিত উল্লেখ করেন। রাজ্যপালের সঙ্গে ছিলেন প্রশাসন ও বি.এস.এফের উচ্চপদস্থ আধিকারিকগণ। এরপর তিনি শুকনাছড়ি এলাকার মহাবোধি স্কুলে গ্রামবাসীদের সঙ্গে মত বিনিময় করেন। উপস্থিত ছিলেন বিধায়ক সঞ্জয় মানিক ত্রিপুরা, গোমতী জেলার অতিরিক্ত জেলাশাসক সুভাষ আচার্য্য প্রমুখ।

***************************

**CM-Sonamura :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ সোনামুড়ায় ১৮টি প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। তিনি প্রথমে সোনামুড়ার মহকুমা শাসক কার্যালয়ের নুতন দ্বিতল ভবনের উদ্বোধন করেন। সে অনুষ্ঠান থেকে তিনি ভার্চুয়ালভাবে ১৭টি প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রীর নির্দেশিত সবকা সাথ সবকা বিকাশের দিশায় বর্তমান রাজ্য সরকার জনকল্যানে সঠিকভাবে কাজ করছে। তিনি বলেন, উন্নয়নমূলক কাজের নিরিখে নীতি আয়োগ ত্রিপুরাকে অগ্রগামী রাজ্য হিসেবে ঘোষণা করেছে। তিনি শিক্ষার প্রসারে, স্বাস্থ্য পরিষেবার মানোন্নয়নে এবং ত্রিস্তর পঞ্চায়েতের পরিকাঠামো শক্তিশালী করার লক্ষ্যে রাজ্য সরকারের কাজকর্ম বিস্তারিত উল্লেখ করেন।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন পঞ্চায়েত ও উচ্চশিক্ষা মন্ত্রী কিশোর বর্মন, সংখ্যলঘু কল্যাণ মন্ত্রী শুক্লা চরণ নোয়াতিয়া। উপস্থিত ছিলেন বিধায়ক তফাজ্জল হোসেন, বিন্দু দেবনাথ, এমডিসি পদ্মলোচন ত্রিপুরা, সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত।

******************************

**Agriculture Minister :**

কৃষিমন্ত্রী রতনলাল নাথ বলেছেন, রাজ্য সরকার কৃষকদের চাষাবাদে সব ধরণের সুযোগ সুবিধা প্রদানে অগ্রাধিকারের ভিত্তিতে কাজ করছে। আজ মোহনপুর ব্লকের অন্তর্গত দক্ষিণ তারানগর এলাকায় তারাসুন্দরী ছড়ার পুনরুদ্ধার ও সৌন্দর্যায়নের কাজ পরিদর্শনকালে তিনি একথা বলেন। তিনি বলেন, কৃষিক্ষেত্রে উদ্ভাবনী প্রযুক্তি ব্যবহার করে কম সময়ে বেশি ফসল উৎপাদনের উপর জোর দেওয়া হয়েছে। তারাসুন্দরী ছড়া পুনরুদ্ধার কাজ শুরু হওয়ায় কৃষি জমিতে সেচের সুবিধা বাড়বে। যার ফলে ঐ এলাকার কৃষিজীবীরা চাষাবাদ করে আরো সমৃদ্ধ হবেন।

*****************************

**Veterinary Hospital-Dhalai :**

প্রাণী সম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস আজ ধলাই জেলার রইস্যাবাড়িতে নবনির্মিত পশু হাসপাতালের উদ্বোধন করেন। উপস্থিত ছিলেন ধলাই জিলা সভাধিনেত্রী সুস্মিতা দাস, বিধায়িক নন্দিতা দেববর্মা রিয়াং প্রমুখ।

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**Vandematram :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন যে বন্দে মাতরম সঙ্গীত দেশপ্রেম, ত্যাগ এবং জাতীয় চেতনার প্রতীক হয়ে উঠেছে, যা স্বাধীনতা আন্দোলনের পথ প্রশস্ত করেছে। আজ রাজ্যসভায় বন্দে মাতরমের ১৫০তম বার্ষিকী উপলক্ষে আলোচনার সূচনা করে শুরু করে শ্রী শাহ বলেন, বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের এই অমর রচনাটি এমন একটি সৃষ্টি যা ভারত মাতার প্রতি কর্তব্যবোধ এবং ভক্তি জাগিয়ে তোলে।

######Byte-Amit Shah######

তিনি বলেন, ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গঠনের জন্যও বন্দে মাতরম্ প্রয়োজনীয়। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, সংসদের উভয় কক্ষেই বন্দে মাতরমের আলোচনা ভবিষ্যৎ প্রজন্মকে এর প্রকৃত গুরুত্ব এবং গৌরব বুঝতে সাহায্য করবে।

আলোচনায় অংশ নিয়ে রাজ্যসভার বিরোধী দলনেতা মল্লিকার্জুন খাড়গে বলেন, স্বাধীনতা সংগ্রামের সময় কংগ্রেস বন্দে মাতরম স্লোগান তৈরি করেছিল। তিনি বলেন, ১৯২১ সালে যখন মহাত্মা গান্ধী অসহযোগ আন্দোলন শুরু করেছিলেন, তখন কংগ্রেসের লক্ষ লক্ষ স্বাধীনতা সংগ্রামী বন্দে মাতরম ধ্বনি দিতে দিতে জেলে গিয়েছিলেন। শ্রী খাড়গে বলেন, ১৮৯৬ সালে কলকাতায় কংগ্রেস অধিবেশনে গুরুদেব রবীন্দ্রনাথ ঠাকুর যখন প্রথম এটি গেয়েছিলেন, তখন ভারতে বন্দে মাতরম গানটি জনজীবনে পরিচিত হয়।

***************************

**Indigo :**

সম্প্রতি ব্যাপকহারে উড়ান ব্যাহত এবং বাতিল হওয়ার পরিপ্রেক্ষিতে অসামরিক বিমান চলাচল অধিদপ্তর ইন্ডিগোকে বিভিন্ন ক্ষেত্রে তাদের উড়ান ৫ শতাংশ কমানোর নির্দেশ দিয়েছে। বিমান সংস্থাটিকে আগামীকাল বিকেল ৫টার মধ্যে সংশোধিত সময়সূচী জমা দিতে বলা হয়েছে। ইন্ডিগোর উড়ান পরিষেবার সর্বশেষ অবস্থা নিয়ে আজ লোকসভায় বক্তব্য রাখেন কেন্দ্রীয় অসামরিক বিমান পরিবহন মন্ত্রী কে রাম মোহন নাইডু।

#######Byte-K Ram Mohan Naidu#####

*********************************

**Pradhanmantri Matsya Sampada Yojana :**

মৎস্যমন্ত্রী সুধাংশু দাস আজ ডুম্বুর জলাশয়ে প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনা প্রকল্পের অর্থানুকূল্যে মৎস্য চাষের কাজ পরিদর্শন করেন। তিনি বলেন, রাজ্যে মাছের উৎপাদন বৃদ্ধি ও চাহিদার যোগান মেটানোর

পাশাপাশি ডুম্বুর জলাশয় এলাকার ১ হাজার ৫১২ জনেরও বেশি মৎস্য চাষীকে অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করতে সহায়তা করা হচ্ছে।

*****************************

**Congress :**

প্রাক্তন মুখ্যমন্ত্রী প্রয়াত শচীন্দ্রলাল সিংহের ২৫তম মৃত্যুবার্ষিকী আজ আগরতলার প্রদেশ কংগ্রেস ভবনে পালন করার হয়। প্রদেশ কংগ্রেস সভাপতি আশিস কুমার সাহা শচীন্দ্র লাল সিংহের প্রতিকৃতিতে মাল্যদান করে শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি বলেন, রাজ্যের প্রথম মুখ্যমন্ত্রী হিসেবে শচীন্দ্র লাল সিংহের ভূমিকা ছিল অত্যন্ত তাৎপর্যপূর্ণ।

******************************

**Opposition Leader–Condolence :**

বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী আজ উত্তরপ্রদেশে সড়ক দুর্ঘটনায় মৃত ইন্টার্নি চিকিৎসক সপ্তর্ষি দাসের রামনগরস্থিত বাড়িতে যান। তিনি প্রয়াত সপ্তর্ষি দাসের পরিবার পরিজনদের প্রতি গভীর সমবেদনা জানান।

****************************

**Children's Festival :**

বিধায়ক প্রমোদ রিয়াং আজ দক্ষিন জেলার বীরচন্দ্রমনুর তৈকর্ম স্কুল মাঠে মনু ইয়ুথ সোসাইটি আয়োজিত দুই দিনব্যাপী শিশু উৎসব ও খাদ্য উৎসবের উদ্বোধন করেন। উপস্থিত ছিলেন দক্ষিণ জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত, শান্তিরবাজার পুর পরিষদের চেয়ারপার্সন স্বপ্না মজুমদার বৈদ্য।

*****************************

**State Level Drama :**

তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আগামীকাল থেকে উদয়পুরে ১৫ দিন ব্যাপি রাজ্যভিত্তিক নাট্য উৎসব শুরু হচ্ছে। উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা। নাট্য উৎসব উপলক্ষ্যে আজ দুপুরে উদয়পুর

শহরে এক বর্ণাঢ্য শোভাযাত্রার আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন গোমতি জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায়, উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতল চন্দ্র মজুমদার।

**************************

**Cooch Behar Trophy :**

ত্রিপুরা ও তামিলনাড়ুর মধ্যে কোচবিহার ট্রফি অনূর্ধ্ব ১৯ বছরের ক্রিকেটের চারদিনের খেলা ডিন্ডিগোলে শুরু হয়েছে। এন পি আর কলেজ মাঠে টসে জিতে ব্যাট করতে নেমে স্বাগতিক তামিলনাড়ু প্রথম ইনিংসে প্রথম দিনের শেষে ৪ উইকেট হারিয়ে ২৮৪ রান করে।

****************************

**Bijoy Marchant Trophy :**

বিজয় মার্চেন্ট ট্রফি অনূর্ধ্ব ১৬ বছরের ক্রিকেটের তিনদিনের খেলায় উত্তরপ্রদেশের বিরুদ্ধে ত্রিপুরা পরাজয় এড়ানোর জন্য লড়াই করছে। শিমোগার কর্ণাটক রাজ্য ক্রিকেট এসোসিয়েশনের নাভুলা স্টেডিয়ামে ৯ উইকেটে ২৮৮ রান থেকে দ্বিতীয় দিনে খেলতে নেমে আজ উত্তরপ্রদেশ প্রথম ইনিংস সবকটি উইকেট হারিয়ে ৩৩১ রান করে। জবাবে খেলতে নেমে ত্রিপুরা প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ১০৭ রান করে। ২২৪ রানে পিছিয়ে থেকে ফলোঅনে খেলতে নেমে রাজ্যদল দিনের শেষে দ্বিতীয় ইনিংসে ২ উইকেট হারিয়ে ৮৪ রান করে।

*******************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। সকালে হালকা থেকে মাঝারি কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৬.৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩.৬ ডিগ্রি সেলসিয়াস।